I 1879

Regd. No. 10/24 ... (2)
1979-80

Rule 21 and also ... 5
of the W.B. ... Act ...
Exempted
28 ... 
Fee ... 00 ...
Notice u/s 26 ...
CA-on 28.11.78

Jt. Sub-Registrar of
Alipore At Behala
15.10.79

মং ২৬০০০.০০ ছাব্বিশ হাজার টাকার

সাফ কোবালা দলিল ।

**গ্রহীতা :-**

প্রান্তিক কো অপারেটিভ
হাউসিং সোসাইটি লিমিটেড
পক্ষে চেয়ারম্যান শ্রী রুপেন্দ্র কৃষ্ণ
ঘোষ, পিতা শ্রী বীরেন্দ্র কৃষ্ণ ঘোষ
এবং সেক্রেটারী শ্রী কল্যানময়
সামন্ত, পিতা ৺বিরেন্দ্র নাথ সামন্ত
ইহার অফিস ১০ নং চণ্ডী চরন ঘোষ
রোড, থানা ঠাকুরপুকুর, বেহালা
কলিকাতা - ৮ ।

**দাতা :-**

শ্রী অমিয়াংশু কুমার দাস
পিতা ৺ শশী কুমার দাস
জাতি হিন্দু পেশা চাকুরী
সাং ৭৮।২বি নিউ আলিপুর
ব্লক 'ই'। থানা নিউ আলিপুর
কলকাতা - ৫৩ ।

**কনফার্মিং পক্ষ -**

শ্রী প্রমোদ কুমার পাল
পিতা ৺ অন্নদা প্রসাদ পাল
জাতি হিন্দু, পেশা ব্যবসা,
সাং ১৩, ডায়মণ্ডহারবার রোড, থানা
বেহালা, কলিকাতা ৩৮ ।

Presented for Registration at 11/A5.M on the 15th day of Oct 1979 in the Joint Sub-Registrar of Alipore at Behala by Amiyangshu Kumar Das, one of the Executant/Claimant/Attorney

শ্রী অমিয়াংশু কুমার দাস

Sd/-
Jt. Sub Registrar of Alipore At Behala
15.10.79

Execution is admitted.

1) Amiyangshu Kumar Das.
S/o Lt. Lakshmi Kumar Das
of 78/2 B, New Alipore Block E, Cal-53
& 2) Promode Kumar Paul
Son/Wife of Lt. Ananda Prasad Paul
of 13, D.H. Road
Thana Cal-38.
District
By Caste Hindu
By Proffession Service & Trader.

2680

শ্রী অমিয়াংশু কুমার দাস

2681

প্রমোদ কুমার পাল

Identified

Tapan Halder
Son/Wife of Sudhir Chandra Halder.
of 38, Mathab Halder Road
Thana Behala.
District 24 Pgs
By Caste Hindu
By Profession Deed writer

Tapan Halder.

Sd/-
Jt. Sub Registrar of Alipore at Behala
15.10.79

অস্য রায়তমোক্তারী, হাল রায়ত দখলী স্বত্বের বাস্তু জমি জমা বিক্রয়ের সাফ কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে ঃ-

জেলা ২৪ পরগণা, আলিপুরের কালেকটারীর অন্তর্গত পরগণা মাগুরা, সাবরেজিষ্ট্রী ও থানা বেহালা সাউথ সুবারবন মিউনিসিপ্যালিটীর এলাকাধিন মৌজা সাহাপুর গ্রামে জেঃ এলঃ নং ৮, রেঃ সাঃ নং ১৭৯, তৌজি নং ৯৩, ১০১ যুক্ত হাল পশ্চিম বঙ্গ সরকার অধিন সাবেক ও হাল ৩৭৯নং খতিয়ানের নিষ্কর রায়তমোক্তারী স্বত্বের ১৪৩নং দাগের .২৮৩ সহস্রাংশ বাস্তু জমি জনৈক দয়াল হরি পালের খোদ খামা নির্ব্যূঢ় স্বত্বের ভোগদখলী সম্পত্তি থাকে। পরে উক্ত দয়াল হরি পালের অর্থের আবশ্যকে বিগত ২৭।৬।১৯৩৯ তারিখে এককেতা রেজিষ্ট্রীকৃত কোবালা দলিল যাহা বেহালা সাব রেজিষ্ট্রী অফিসের ১০৪৫নং কোবালা দলিল দ্বারা জনৈক সেখ গোলাম মহম্মদকে বিক্রয় করিয়া উহা হইতে চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলে তদাবধি উক্ত গোলাম মহম্মদ উক্ত ১৪৩নং দাগের .২৮৩ সহস্রাংশ বাস্তু জমিতে খরিদ সূত্রে নির্ব্যূঢ় স্বত্বের খোদ খামা মালিক দখলকার রূপে উহাতে ভোগদখল করিতে থাকেন। পরে উক্ত গোলাম মহম্মদ তাঁহার খরিদা ১৪৩নং দাগের .২৮৩ সহস্রাংশ বাস্তু জমির সরাসরি উত্তরাংশে ৪ চার কাঠা বাস্তু বাদে দক্ষিণাংশে লালরঙ কৃত চিহ্নিত ॥৩ কাঠা জমি / বাস্তু / নিজ ভ্রাতা সেখ গোলাম আহাম্মদকে অন্য জমির বিনিময়ে বিগত ১৯।৯।১৯৬১ তারিখে এককেতা রেজিষ্ট্রী কৃত এক্সচেঞ্জ দলিল যাহা বেহালা রেজিষ্ট্রী অফিসের ১নং বহির, ৬৫ নং ভল্যুমের ১৪০ হইতে ১৪৭নং পাতায় লিপিবদ্ধ ৩৭৯৮ নং এক্সচেঞ্জ দলিল দ্বারা বিনিময়

15.10.79

Jt. Sub-Registrar of
Alipore at Behala

Regd. no. 10/24
Pay (S) of 1971-10



করেন এবং তদনুসারে উক্ত গোলাম আহম্মদ উক্ত এক্সচেঞ্জ প্রাপ্ত ১৪৩ নং দাগের দক্ষিনাংশে ।।৩ কাঠা বাস্তু জমিতে নির্ব্যূঢ় স্বত্বে ষোল আনা রকম মালিক দখলকার সূত্রে ভোগদখল করিতে থাকাকালে বিগত ১৩।১১।১৯৬৩ সাল তারিখে এককেতা রেজিষ্ট্রী কৃত এক্সচেঞ্জ দলিল যাহা বেহালা সাবরেজিষ্ট্রী অফিসে ১নং বহির, ৭৭নং ভল্যুমের, ১৫৬ হইতে ১৬৩ নং পাতায় লিপিবদ্ধ ৫৩৭৮ নং এক্সচেঞ্জ দলিল দ্বারা অত্র কোবালা দাতা আমার ও আমার জ্যেষ্ঠ ভ্রাতা অধুনা মৃত হিমাংশু দাসের ও আমার মাতাঠাকুরানী শ্রীমতী নলিনী সুন্দরী দাসের সহিত আমাদিগের পাকিস্থানের ভূ সম্পত্তি বিনিময়ে উল্লিখিত ১৪৩নং দাগের দক্ষিনাংশে ।।৩ কাঠা বাস্তু জমি এক্সচেঞ্জ করিয়া তদাবধি উহা হইতে নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলে কোবালা দাতা আমিও আমার জ্যেষ্ঠ ভ্রাতা হিমাংশু কুমার দাস ও মাতা ঠাকুরাণী নলিনী সুন্দরী দাস উহা বিনিময় সূত্রে তুল্যাংশে প্রাপ্ত হইয়া বাসে ভোগদখল করিতে থাকাকালে আমার মাতা ঠাকুরানী উল্লিখিত জমির অবিভক্ত ১/৩ অংশ বিগত ২৬।৫।১৯৬৬ তারিখে এককেতা রেজিষ্ট্রী কৃত দান পত্র দলিল যাহা আলিপুর সাবরেজেষ্ট্রী অফিসের ১নং বহির, ৭৯নং ভল্যুমের, ১৬৬ হইতে ১৬৮নং পাতায় লিপিবদ্ধ ৪১৮১ নং দান পত্র দলিল দ্বারা অত্র কোবালা দাতা আমাকে ও আমার অধুনা মৃত ভ্রাতা হিমাংশু কুমার দাসকে তুল্যাংশে দান করিয়া উহা হইতে নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলে তদবধি আমার ভ্রাতা হিমাংশু কুমার দাস ও অত্র কোবালা দাতা আমি ১৪৩ নং দাগের ।।৩ কাঠা বাস্তু জমিতে তুল্যাংশে মালিক দখলকার হইয়া এজমালে ভোগ

15.10.79

Jt. Sub-Registrar of
Alipore At Behala

দখল করিতে থাকাকালে আমার ভ্রাতা হিমাংশু কুমার দাস পরলোক গমন করিলে তদীয় ত্যক্ত ।।৫ আনা রকম বাস্তু জমি তাঁহার ওয়ারেশ পত্নী, শ্রীমতী প্রভাবতী দাস ও দুই ওয়ারেশ পুত্র শ্রী প্রদীপ কুমার দাস ও প্রদ্যোৎ কুমার দাসগণ উহা তুল্যাংশে প্রাপ্ত হইয়া অত্র কোবালা দাতা আমার সহিত উহা একমালে খাসে ভোগদখল করিতে থাকেন। পরে অত্র কোবালা দাতা আমার ও আমার অপর শরিকগণ, শ্রী প্রদীপ কুমার দাস, শ্রী প্রদ্যোৎ কুমার দাস ও শ্রীমতী প্রভাবতী দাসগণের পরস্পরে উক্ত ।।৩ কাঠা বাস্তু জমিতে যৌথভাবে ভোগদখলে অসুবিধা হওয়ায় উহা পরস্পরে আপোষে চিহ্নিত মতে ভাগ বাটোয়ারা করিয়া লইয়া উক্ত ।।৩ কাঠা বাস্তু জমি মধ্যে আমার ভ্রাতুষ্পুত্রগণ ও ভ্রাতৃজায়া তাঁহাদের ।।০ আনা অংশে যৌথভাবে দক্ষিণ পূর্ব্বাংশে লাল সুরত কৃত চিহ্নিত ।১।।০ সাড়ে ছয় কাঠা বাস্তু জমি প্রাপ্ত হয়েন এবং অত্র কোবালা দাতা আমি দক্ষিণ পশ্চিমাংশে লাল সুরত কৃত চিহ্নিত ।১।।০ সাড়ে ছয় কাঠা জমি আমার নিজাংশে নির্ব্যূঢ় স্বত্বে খাস আমল রকমে প্রাপ্ত হইয়া তদবধি উহাতে খাসে ভোগদখল করিয়া আসিতেছি ।

এক্ষণে আমার নগদ টাকার আবশ্যকে বৈধ কারণে আমার উল্লিখিত ১৪৩ নং দাগের দক্ষিণ পশ্চিমাংশে লালসুরত কৃত চিহ্নিত ।১।।০ সাড়ে ছয় কাঠা বাস্তু জমি বিক্রয়ের ঘোষণা করিলে কোবালা গ্রহীতা আপনি উহা বর্ত্তমান সর্ব্বোচ্চ বাজার দর মোতাবেক ২৬০০০.০০ টাকা ছাব্বিশ হাজার

15.10.79

Jt. Sub-Registrar of
Alipore At Behala

টাকা পণ মূল্যে খরিদেচ্ছুক হইয়া অত্র কনফামিং পক্ষ মারফৎ প্রস্তাব করিলে তাহাতে সম্মত হইয়া আমি বিগত ২০।৯।১৯৭৮ তারিখে এককেতা খান রেজিষ্ট্রী বায়না দলিল কনফামিং পক্ষের নাম বরাবর সম্পাদন করিয়া দিয়া কনফামিং পক্ষের নিকট হইতে বায়না বাবদ ৫০০০ পাঁচ হাজার টাকা নগদ গ্রহণ করিয়া কনফামিং পক্ষকে অথবা তাঁহার মনোনীত ব্যক্তিকে উল্লিখিত ।১।।০ সাড়ে ছয় কাঠা বাস্তু জমি বিক্রয়ের জন্য বায়না চুক্তিতে আবদ্ধ হইয়াছি । এক্ষণে কোবালা গ্রহীতা আপনি অত্র কনফামিং পক্ষের মনোনীত ব্যক্তি হওয়ায় এবং আপনার অনুকূলে প্রস্তাবিত কোবালা দলিল সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিলে অত্র কনফামিং পক্ষের কোন আপত্তি হইবে না জানিয়া অদ্য তারিখে অত্র সাফ বিক্রয় কোবালা দলিল আপনার অনুকূলে সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিয়া আপনার নিকট হইতে নির্দ্ধারিত পণের বাকী ২১০০০.০০ টাকা একুশ হাজার টাকা নগদ গ্রহণ করিয়া নিম্নের রসিদ মোতাবেক উহার সম্পূর্ণ প্রাপ্তি স্বীকারে নির্দ্ধারিত পণ মূল্যের সমুদয় ২৬০০০.০০ টাকা ছাব্বিশ হাজার টাকা সম্পূর্ণ বুঝিয়া পাইয়া নিম্ন তপশীলে বর্ণিত দরবস্তু হক হকুক সম্পত্তি আপনাকে সাফ বিক্রয় করতঃ অদ্যই উহাতে আপনাকে খাসে দখল প্রদান করতঃ স্বীকার, অঙ্গীকার, প্রকাশ ও প্রচার করিতেছি যে, বিক্রীত নিম্ন তপশীল সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব স্বামিত্ব হক হকিয়ৎ দখল সত্ত্ব অধিকারাদি আছে বা অদ্য তক্ ছিল তাহা অদ্য হইতে আমা হইতে চিরতরে শূন্য ও মুক্ত হইয়া আপনাতে বর্ত্তাইল ও আমি উহা হইতে চিরতরে স্বত্ব

15.10.79

Jt. Sub-Registrar of
Alipore At Behala

ত্যাগী ও দখলচ্যুত হইলাম এবং আপনি উক্ত নিম্ন তপশীল বিক্রীত সম্পত্তিতে আমার যাবতীয় প্রকার স্বত্ব স্বত্ববান ও দখলে দখলীকার হইয়া উহা নির্ব্যূঢ় স্বত্বের ষোল আনা মালিক দখলকার স্বরূপে স্থানীয় মিউনিসিপ্যালিটীতে ও জমিদার সরকারে আপনার নিজ নাম সজন পূর্ব্বক উহার খাজনা ও ট্যাক্সাদি আদায় আয় পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণ ক্রমে দান, বিক্রয়, বন্ধকাদি যাবতীয় প্রকার হস্তান্তরের এবং উহা কাটিয়া ভরাট করিয়া উহার উপর কাঁচা পাকা গৃহাদি নির্ম্মাণের ক্ষমতা যুক্তে মহেচ্ছাক্রমে পরম সুখে ভোগদখল করিতে থাকুন, তাহাতে আমি আয় পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণ ক্রমে কেহ কখনও কোন প্রকার ওজর আপত্তি দাবী দাওয়া করিব না বা করিতে পারিব না, তথাপি যদি করি বা কেহ করে তাহা সর্ব্বত্র বাতিল অগ্রাহ্য সর্ব্ব আদালতে নামঞ্জুর হইবে। প্রকাশ থাকে যে, উক্ত বিক্রীত সম্পত্তির উপর ইতিপূর্ব্বে কোন আদালতের ক্রোক, ডিক্রী বা ইনজাংশানাদি জারি হয় নাই, অথবা বর্ত্তমানে উহা লইয়া কোন আদালতে মামলা মোকর্দ্দমা চলিতেছে না। উক্ত বিক্রীত সম্পত্তিতে আমার আর কোন শরিক বা অংশীদার নাই। উক্ত বিক্রীত সম্পত্তি সম্পর্কে আমি কাহাকে কাহারও বেনামদার নাই। উক্ত বিক্রীত সম্পত্তি বর্ত্তমানে সম্পূর্ণ নির্দায় ও নির্দ্দোষ অবস্থায় আমার খাসদখলে থাকা অবস্থায় আপনাকে বিক্রয় করিলাম। প্রকাশ থাকে যে, নিম্ন তপশীল বিক্রীত সম্পত্তি ভবিষ্যতে কোন আধা সরকার বা সরকারী প্রতিষ্ঠান কর্ত্তৃক যদি রিকুইজিশান বা এ্যাকুইজিশান হয় তাহা হইলে অত্র কোবালা দাতা আমার

15.10.79

Jt. Sub Registrar of
Alipore At Behala

কোনপ্রকার দায় দায়িত্ব থাকিবে না। আমার উপরোক্ত উক্তি বা উহা কোন অংশ যদি ভবিষ্যতে মিথ্যা বা অন্যকী প্রমানিত হইয়া আপনার খরিদা স্বত্বের বা দখলের কোন প্রকার হানী হয় তাহা হইলে আমি মাফিক আইন আমলে আসিয়া আপনাকে ক্ষতি পূরন দিতে বাধ্য হইব। এই দলিলের ভুল ভ্রান্তির জন্য যদি ভবিষ্যতে কোন সংশোধন বা পরিপুরক দলিল সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দেওয়ার প্রয়োজন হয়, তাহা হইলে তাহা আপনার খরচে ও তলব মতে সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিতে বাধ্য রহিলাম।

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে স্বেচ্ছায় বিনা প্ররোচনায় এই সাফ বিক্রয় কোবালা লিখিত পঠিত ইহার মর্ম সম্যক অবগত হইয়া দলিলের সহি স্বাক্ষর করিলাম।

ইতি তারিখ সন ১৩৮৬ সাল তাং ২৮ শে -

আশ্বিন ইংরাজী ১৫।১০।১৯৭৯। -

তপসীল বিক্রীত সম্পত্তি -

জেলা ২৪ পরগণা, আলিপুরের কালেক্টারীর অন্তর্গত পরগণা মাগুরা, সাবরেজিষ্ট্রী ও থানা বেহালা, সাউথ সুবারবন মিউনিসিপ্যালিটির এলাকাধিন মৌজা সাহাপুর গ্রামে জেঃ এলঃ নং ৮, রেঃ সাঃ নং ১৭৯, তৌজি নং ৯৩, ১০১ ভুক্ত হাল মালিক পশ্চিম বঙ্গ সরকার অধিন ৩৭৯ নং খতিয়ানের নিস্কর জমার রায়তদখলী স্বত্বের ১৪৩নং এক শত তেতাল্লিশ নং দাগের মোট .২৮৩ দুই শত তিরাশী সহস্রাংশ জমি জমা মধ্যে উত্তরাংশে সরাসরি পূর্ব্ব পশ্চিমে লম্বা ৪ চার কাঠা বাস্তু বাদে দক্ষিন -

15-10-79

Jt. Sub-Registrar of
Alipore At Behala

অংশে মাপ গুরুত কৃত চিহ্নিত ।।৩ তের কাঠা বাস্তু জমি মধ্যে দক্ষিণ পশ্চিমাংশে মাপ গুরুত কৃত চিহ্নিত ।১।।০ সাড়ে ছয় কাঠা বাস্তু জমি সায় উহাতে যাতায়াতের যাবতীয় প্রকার ইজমেন্ট ও বর্ত্ত স্বত্বাদি সমেত সম্পত্তি অত্র দলিলের বিক্রীত সম্পত্তি হইতেছে। জমি নিস্কর, হারাহারি খাজনা নাই।

ইহার চৌহদ্দি ঃ-

উত্তর - গোলাম মহম্মদের ৪ কাঠা বাস্তু জমির অংশ
পূর্ব্ব - প্রদীপ কুমার দাসগমের ।১।।০ কাঠা বাস্তু জমি,
দক্ষিণ - রেলওয়ের জমি,
পশ্চিম - কে,এক, রেলওয়ের রাস্তা।

টাকার জায় -

| | |
|---|---|
| বিগত ২০।৯।১৯৭৮ তারিখের প্রদত্ত বায়না বাবদ | ৫০০০.০০ টাকা |
| অদ্য তারিখের প্রাপ্ত নোটে নগদে | ২১০০০.০০ টাকা |
| মোট | ২৬০০০.০০ টাকা |

মং ছাব্বিশ হাজার টাকা মাত্র

ইসাদী ঃ-

টাইপ কারক
আলিপুর পুলিশ কোর্ট
কলিকাতা ২৭।

Tapan Halder, of Behala

01·00
Regd. in
Book No. I
Volume No. 37
Pages 246 to 281
Being No. 1879
For the ye 79

Jt. Sub. R[illegible]strar of
Alipore At Behala

Jt. Sub-Registrar of
Alipore At Behala
17.1.80